

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৯৮

উদয়পুর, ১৯ ডিসেম্বর, ২০২৩

২৫-২৬ ডিসেম্বর উদয়পুরে অটল কবিতা ও সাহিত্য উৎসব অনুষ্ঠিত হবে : অর্থমন্ত্রী

আগামী ২৫ ও ২৬ ডিসেম্বর উদয়পুরে অটল কবিতা ও সাহিত্য উৎসব অনুষ্ঠিত হবে। ২৫ ডিসেম্বর উদয়পুর রাজধানী হলে এই উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা জানান। সাংবাদিক সম্মেলনে অর্থমন্ত্রী জানান, অটল কবিতা ও সাহিত্য উৎসব সফল করে তোলার জন্য ইতিমধ্যেই উপদেষ্টা কমিটি, পরিচালন কমিটি ও ১৪টি উপকমিটি গঠন করা হয়েছে। উৎসব উপলক্ষে আগামী ২৪ ডিসেম্বর উদয়পুরে এক বর্ণায় র্যালি অনুষ্ঠিত হবে। র্যালিটি জামতলা থেকে শুরু হয়ে সেন্ট্রাল রোড- ব্রহ্মাবাড়ি হয়ে রাজধানী হল প্রাঙ্গণে এসে সমাপ্ত হবে। সাংবাদিক সম্মেলনে তিনি আরও জানান, অটল কবিতা ও সাহিত্য উৎসবে রাজ্য সহ উত্তর পূর্বাঞ্চল এবং পশ্চিমবঙ্গ থেকে কবি ও সাহিত্যিকরা অংশ নেবেন। সাংবাদিক সম্মেলনে অর্থমন্ত্রী উৎসব উপলক্ষে একটি লোগোর আবরণ উন্মোচন করেন। এই উৎসবকে সফল করে তোলার জন্য অর্থমন্ত্রী সকলের সহযোগিতা কামনা করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুপ্রিয়া সাহা, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ।

উল্লেখ্য, অটল কবিতা ও সাহিত্য উৎসবকে সফল করে তোলার জন্য আজ গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। সভায় উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, বিধায়ক অভিযোক দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ও বিভিন্ন উপকমিটির আহ্বায়কগণ।
